'বাংলায় অনূদিত'

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নং ০৬ — তারিখঃ জুলাই ০৯, ২০১৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

## EXP ও IMP ফরম ইস্যু ও নিষ্পত্তি প্রসঙ্গে ।

বাংলাদেশ ব্যাংক এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে দৈনন্দিন ভিত্তিতে বৈদেশিক মুদ্রার লেনদেনের রিপোর্টিং সংশ্লিষ্ট এফইপিডি সার্কুলার পত্র নম্বর ২৬, তারিখ-ডিসেম্বর ০৯, ২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। অনলাইন রিপোর্টিং সিস্টেম সম্পূর্ণ চালু হওয়ায় অনুমোদিত ডিলার ব্যাংকের বাণিজ্যিক লেনদেনসমূহের অনলাইন রিপোর্টের ভিত্তিতে যেহেতু EXP ও IMP ফরমসমূহ স্বয়ংক্রিয়ভাবে মুদ্রণ করা যাচ্ছে সেহেতু EXP ও IMP ফরমসমূহের হার্ডকপি মাসিক রিটার্নের সাথে বাংলাদেশ ব্যাংকে জমা দেয়া হতে অব্যহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ভবিষ্যতে উক্ত দলিলাদি আইনানুগভাবে ব্যবহারের লক্ষ্যে তাদের সঠিকতা নিশ্চিতকরণসহ স্বয়ংক্রিয়ভাবে রিপোর্টিং সিস্টেম থেকে মুদ্রণের জন্য 'This is an electronically generated document which does not require signature of declarant/issuer.' মর্মে বাক্য সিস্টেমে অন্তর্ভুক্ত রাখা হবে। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে উল্লিখিত দলিলাদি দৃশ্যমান আকারে ইস্যু ও নিষ্পত্তির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংকসমূহ নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন করবে ঃ

০২। **EXP ফরম ইস্যু ও নিষ্পত্তিকরণঃ** গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস-২০০৯ (জিএফইটি), ভলিউম-১ এর অধ্যায় ৮ অনুচ্ছেদ নম্বর ১০(i) মোতাবেক EXP ফরম চার সেট ইস্যু করতে হয়। রপ্তানি লেনদেন সংশ্লিষ্ট দলিলাদির সংখ্যা যৌক্তিকীকরণের লক্ষ্যে EXP ফরমের সেট সংখ্যা ৪ থেকে হ্রাস করে "First Original" ও "Second Original" হিসেবে নামকরণপূর্বক ২ সেট করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে (নমুনা কপিসমূহ সংযুক্ত)। এতদ্‌প্রেক্ষিতে এফই সার্কুলার নম্বর ১৪, তারিখ-মার্চ ১৬, ২০১৪ এর সাথে প্রদত্ত EXP ফরমও সংশোধিত বলে গণ্য হবে। সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংকের প্রত্যয়নকৃত EXP ফরম প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্নের পর কাস্টমস কর্তৃপক্ষ যথারীতি ফরমের "Second Original" রপ্তানিকারক/অনুমোদিত এজেন্টকে ফেরত প্রদান করবে এবং "First Original" বাংলাদেশ ব্যাংক এর সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসে প্রেরণ করবে। EXP ফরম নিষ্পত্তির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করবেঃ

(ক) অনুমোদিত ডিলার ব্যাংক পণ্য জাহাজীকরণের পর নির্দেশিত ১৪ দিনের মধ্যে EXP ফরমে ঘোষিত পণ্যের রপ্তানি সংক্রান্ত সকল দলিলাদি রপ্তানি মূল্য সংগ্রহের জন্য প্রেরণ করবে এবং শুধুমাত্র এতদ্‌সংক্রান্ত তথ্যাদি অনলাইন রিপোর্টিং মডিউলে রিপোর্ট করবে, EXP ফরম এর "Second Original" বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে না। সম্পূর্ণ রপ্তানিমূল্য প্রত্যাবাসিত না হওয়া পর্যন্ত অনুমোদিত ডিলার ব্যাংক EXP ফরম এর "Second Original" সংরক্ষণ করবে। রপ্তানি মূল্য সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট EXP ফরম এবং রপ্তানি দলিলাদির পূর্ণ সেট বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।

(খ) রপ্তানি মূল্য প্রত্যাবাসনের পর অনুমোদিত ডিলার ব্যাংক EXP ফরম এর "Second Original" কপির বিপরীত পার্শ্বে তা সার্টিফাই করবে এবং এতদ্‌সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইন রিপোর্টিং মডিউলে যথারীতি রিপোর্ট করবে। অনুমোদিত ডিলার ব্যাংক রপ্তানি মূল্য প্রত্যাবাসনের তথ্য সংশ্লিষ্ট মাসিক রিটার্ন শিডিউলের মাধ্যমে যথারীতি বাংলাদেশ ব্যাংককে রিপোর্ট করবে, রিটার্ন এর সাথে কোন EXP ফরম দাখিল করতে হবে না। পরবর্তীতে অনুমোদিত ডিলার ব্যাংক EXP ফরম এর "Second Original" স্বীয় রেকর্ড ও পরিদর্শনের নিমিত্তে ৫(পাঁচ) বছরের জন্য সংরক্ষণ করবে। তবে, বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল/অন্যান্য সরকারী সংস্থার তদন্তাধীন রপ্তানি দলিলাদির পূর্ণ সেট এবং সংশ্লিষ্ট EXP ফরম উক্ত পরিদর্শন দল/সরকারী সংস্থার ছাড়পত্র প্রাপ্তির পর নিষ্পত্তি করা যাবে।

**চলমান পাতা-০২**

০৩। **<u>IMP ফরম ইস্যু ও নিষ্পত্তিকরণঃ</u>** জিএফইটি-২০০৯ এর অধ্যায় ৭, অনুচ্ছেদ ২৮(এ) মোতাবেক আমদানিকারক/অনুমোদিত এজেন্ট কর্তৃক আমদানি মূল্য পরিশোধের জন্য পূরণকৃত ২ (দুই) সেট IMP ফরম অনুমোদিত ডিলার ব্যাংক এর নিকট দাখিল করতে হয়। EXP/IMP ফরম বাংলাদেশ ব্যাংকে দাখিলের বিষয়টি উঠিয়ে দেয়ায় অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক আমদানিকারকের নিকট হতে দুই সেট IMP ফরম সংগ্রহ করার প্রয়োজন হবে না। কাজেই আমদানিকারক কর্তৃক IMP ফরম (FOB মূল্য, জাহাজ ভাড়া , বীমা ও অন্যান্য ব্যয়কে পৃথক করে প্রস্তুতকৃত এবং রিপোর্টিং এর নির্দেশনা সম্বলিত এতদ্সঙ্গে সংযুক্ত সংশোধিত IMP ফরম অনুযায়ী) এর মূল কপি ব্যাংকে জমা দিতে হবে। IMP ফরম নিষ্পত্তির বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করবেঃ

(ক) আমদানি মূল্য পরিশোধের অব্যবহিত পর অনুমোদিত ডিলার ব্যাংক বাংলাদেশ ব্যাংক এর অনলাইন রিপোর্টিং মডিউলে তা রিপোর্ট করবে এবং IMP ফরম এর সংযুক্তি ব্যতিরেকে আমদানি মূল্য পরিশোধ সংশ্লিষ্ট তথ্যাদি প্রাসঙ্গিক মাসিক রিটার্ন শিডিউলের মাধ্যমে যথারীতি বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করবে। কাস্টম্‌স কর্তৃপক্ষ কর্তৃক সার্টিফাইড বিল অব এন্ট্রি না পাওয়া পর্যন্ত অনুমোদিত ডিলার ব্যাংক IMP ফরম সংরক্ষণ করবে। কাস্টমস সার্টিফাইড বিল অব এন্ট্রি না পাওয়া পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট IMP ফরম এবং আমদানি দলিলাদির পূর্ণ সেট বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।

(খ) বাংলাদেশে পণ্য আমদানি হওয়ার প্রমানস্বরূপ কাস্টম্‌স প্রত্যয়িত বিল অব এন্ট্রি প্রাপ্তির পর অনুমোদিত ডিলার ব্যাংক প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইন রিপোর্টিং মডিউলে দাখিল করবে। পরবর্তীতে LCA ফরমসহ IMP ফরম এবং সংশ্লিষ্ট আমদানি দলিলাদির নথির পূর্ণ সেট স্বীয় রেকর্ড ও পরিদর্শনের জন্য ৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে। তবে, বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল/অন্যান্য সরকারী সংস্থার তদন্তাধীন কেসের ক্ষেত্রে IMP ফরম এবং বিল অব এন্ট্রিসহ আমদানি নথির পূর্ণ সেট উক্ত পরিদর্শন দল/সরকারী সংস্থার ছাড়পত্র প্রাপ্তির পর নিষ্পত্তি করা যাবে।

(গ) এফই সার্কুলার নম্বর ০৭, তারিখ-ফেব্রুয়ারী ১৬, ২০১৪ মোতাবেক বায়ার্স/সাপ্লায়ার্স ক্রেডিট এর আওতায় আমদানি লেনদেনের জন্যও উপরোক্ত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

০৪। **<u>EXP/IMP ফরম এর সুনির্দিষ্ট আকারঃ</u>** জিএফইটি, ভলিউম-২ এর ১৭(সি) নম্বর অনুচ্ছেদে বর্ণিত EXP/IMP ফরম এর আকার সুনির্দিষ্ট রাখা সংক্রান্ত নির্দেশনা উক্ত দলিলাদি মুদ্রণের ক্ষেত্রে আর প্রযোজ্য হবে না । অনুমোদিত ডিলার ব্যাংক তার আমদানিকারক/রপ্তানিকারক গ্রাহকদের জন্য অভিন্নতা বজায় রেখে প্রমিত আকারের কাগজে ফরম মুদ্রণ করবে।

০৫। EXP/IMP ফরমের নিষ্পত্তি সংক্রান্ত অন্যান্য সকল প্রাসঙ্গিক নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

উপরে বর্ণিত নির্দেশনাবলী যা আগামী অক্টোবর ০১, ২০১৫ থেকে কার্যকর হচ্ছে সে বিষয়ে আপনাদের গ্রাহকদের নজরে আনার জন্য আপনাদের অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০